SESAME WORKSHOP

# Sesame Workshop is a USA-based non-profit development organization working in more than 150 countries over the past 50 years.



**Sesame Workshop**'s mission is to help children everywhere grow

**smarter**, **stronger**, and **kinder**.



# Presence in CXB: Play to Learn Project

- Play to Learn(PtL) is a large-scale ECD program in Rohingya Response

- PtL's bold vision is to establish play-based early childhood development (ECD) program as an essential component of every humanitarian response.

- PtL delivers 4 results: Content and curriculum development, ECD service delivery, Impact, and Advocacy

The LEGO Foundation

# Play to Learn Partners

## Consortium partners

- Sesame Workshop: Lead, project management and content creation
- BRAC: direct services and content creation
- IRC: direct services and content creation
- NYU: program evaluation
- The LEGO Foundation: donor and thought partner

SESAME WORKSHOP brac INTERNATIONAL RESCUE COMMITTEE NYU Global TIES for Children

play to learn

# Play to Learn Partners

- **Content partnership with** 8 NGO/INGOs including CODEC, SCI, WVI, PLAN, ASEAB, ACLAB, JCF, YPSA, SKUS, Caritas
- **Advocacy partnership with** PLAN International Bangladesh
- **Watch Play Learn (WPL) Partnership with** UNHCR
- **WPL implementation by** CODEC, RI, TDH, and SCI
- **ECD HomeKit Implementing Partner** YPSA

SESAME WORKSHOP

RRRC

The LEGO Foundation

play to learn

# Training of Trainers on Storytelling/Reading




**28 November 2023**

**Cox's Bazar**



We work together with

Save the Children | PLAN INTERNATIONAL | aseab | World Vision

Awa‡ekb 1: Mí Kx Ges †Kb?

# গল্প কী?

- গল্প হলো একটি কল্পিত বা বাস্তব ঘটনার বর্ণনা। গল্পের বর্ণনায় সাধারণত কিছু চরিত্র, কিছু ঘটনা, কিছু স্থান, সময় থাকে। গল্পে কিছু উদ্দেশ¨ এবং শিখনও থাকতে পারে। এই উপাদানগুলির সমন্বয়ে একটি আকর্ষণীয় বর্ণনার মাধ¨মে গল্প তৈরি হয়। বর্ণনার শৈলী,ও দক্ষতা একটি সাধারণ ঘটনাকেও অসাধারণ গল্প করে তুলতে পারে।



# অধিবেশন ১: গল্প কী এবং কেন?

## ১.২ গল্পের প্রকারভেদ

- গল্প বিভিন্ন ধরণের হতে পারে। ছোটগল্প, বড়গল্প, রম্যকাহিনী, কল্পকাহিনী, মহাকাব্য, উপন্যাস, নাটক, ভ্রমণকাহিনী ইত্যাদি।
- বয়সভেদে গল্পের ভিন্নতা রয়েছে। শিশুদের জন্য এক ধরণের গল্প। কিশোর বয়সের জন্য আরেক ধরণের গল্প, আবার বড়দের জন্য অন্য ধরণের গল্প।
- বয়সভেদে গল্পের বিষয়বস্তুর যেমন ভিন্নতা প্রয়োজন, তেমনি এর উপস্থাপনায়ও ভিন্নতা প্রয়োজন।
- প্রাক প্রাথমিক পর্যায়ের শিশুরা বা ৫ বছরের নীচের শিশুরা রূপকথা, পশু-পাখি, পোকামাকড় ইত্যাদির গল্প বেশি পছন্দ করে।
- আবার ৫-১০ বছরের শিশুরা ঈশপের গল্প বা নীতিকথাসহ গল্প বেশি পছন্দ করে।
- ১০-১৮ বছরের কিশোর বয়সীরা গল্পে সাসপেন্স, রহস্য, উৎকণ্ঠা, নাটকীয়তা পছন্দ করে। সামাজিক-অর্থনৈতিক, ধর্মীয় ও সাংস্কৃতিক অবস্থার উপর ভিত্তি করে শিশুদের গল্পের পছন্দ নির্ধারিত হয়।

# অধিবেশন ১: গল্প কী এবং কেন?

## ১.৩ শিশু বিকাশে গল্পের গুরুত্ব

- শিশুর কল্পনাশক্তি বাড়ে;
- বিশ্ব জগতের সাথে পরিচিত হয়;
- শব্দভান্ডার বাড়ে, বলা ও শোনার দক্ষতা বাড়ে; যা ভাষা বিকাশে সহায়তা করে;
- মনোযোগ বাড়ে;
- মুল্যবোধ ও নৈতিকতা শেখে;
- ভালো অভ্যাস, ইতিবাচক মানসিকতা ও আত্মবিশ্বাস গড়তে সহায়তা করে;
- অনুভূতি প্রকাশ ও নিয়ন্ত্রনের ক্ষমতা অর্জন করে;
- সর্বোপরি গল্প শিশুদেরকে আনন্দ দেয়, ফলে শিশুরা নিরুদ্বেগ ও চাপমুক্ত থাকতে শেখে।

# অধিবেশন ১: গল্প কী এবং কেন?

## ১. ৪ গল্প বলা এবং গল্প পড়া

**গল্প বলা:** গল্প বলা হয় নিজের মন থেকে, জীবন্ত অভিনয়ের মাধ্যমে অথবা মৌখিক অথবা অভিব্যক্তির মাধ্যমে, অথবা গল্পকার ও শ্রোতার মিথস্ক্রিয়ার মাধ্যমে।

**গল্প পড়া:** কোন একটি বই থেকে জোড়ে জোড়ে শব্দ করে পড়ে শোনানো, যেখানে অভিনয়, মৌখিক ও অমৌখিক অভিব্যক্তি এবং গল্পকার ও শ্রোতার মিথস্ক্রিয়া থাকতে পারে।

গল্প বলার ক্ষেত্রে, গল্প পড়ার চেয়ে বেশি প্রস্তুতির প্রয়োজন।

গল্প পড়ার ক্ষেত্রে শিশুরা বই, শব্দ, ভাষা, ছবি, রং ইত্যাদির সাথে পরিচিত হয়।

## ১.৫ শিশুদের নিয়ে গল্পবলা/পড়ার ধরণঃ

বিভিন্নভাবে শিশুদের নিয়ে গল্পবলা/পড়া যেতে পারে। এটি নির্ভর করবে শিশুদের বয়স, শ্রেণি, সাক্ষরতার পর্যায়, পড়ার উদ্দেশ্য ইত্যাদির উপর।

- **শিশুদের জন্য গল্পবলা/পড়া :** যেখানে গল্পকার গল্প বলেন, শিশুরা মনদিয়ে শোনে, যেমন-নানী দাদির ঘুমপাড়ানি গল্প, প্রাক-সাক্ষরতা পর্যায়ের গল্প, আবহমানকাল ধরে প্রচলিত গল্প ইত্যাদি। এখানে সহায়ক অনেক বেশি তৎপর থাকেন।
- **শিশুদের সাথে গল্প বলা/পড়াঃ** যেখানে গল্পকারের পাশাপাশি শিশুরাও অংশগ্রহণ করে, শিশুরা প্রশ্ন করে, গল্প বলায় অংশগ্রহণ করে, একই রকম গল্প তৈরি করে, সহায়ক শুরু করে দিলে শিশুরা ধারাবাহিকভাবে বলতে পারে ইত্যাদি।
- **শিশুদের দ্বারা গল্পবলা/পড়াঃ** যেখানে সহায়ক শুধু পরিবেশ তৈরি করবেন। কিন্তু শিশুরাই গল্প পড়া/বলার অধিবেশন পরিচলনা করবে। এটি ছোট দলে বা বড় দলে উভয়ই হতে পারে।



# Thank You All

play to learn